দৈনিক সংবাদ

তারিখ ... OCT 1987
পৃষ্ঠা 4 কলাম 5

176

# চিঠিপত্র

(মতামতের জন্য সম্পাদক দায়ী নন)

## এস,এস,সি পরীক্ষার ভূগোল প্রশ্ন ও প্রাসঙ্গিক কথা

বিগত ২৯শে সেপ্টেম্বর তারিখে চিঠিপত্র বিভাগে উল্লেখিত শিরোনামে জনাব জোবেদ আলীর একটি চিঠি ছাপা হয়েছিল। গত ৭ই অক্টোবর তারিখে মো: শরীফ-উস-সাঈদ সিরাজগঞ্জ থেকে একই শিরোনামে জনাব জোবেদ আলীর চিঠির কথার অসারতা প্রমাণ করার ব্যর্থ প্রয়াস পেয়েছেন। মো: শরীফ উস-সাঈদ তার চিটিতে উল্লেখ করেছেন, তিনি ১৯৮৫ সালে এস, এস, সি পরীক্ষার্থী ছিলেন। স্বাভাবিকভাবে ধরে নেয়া যায় এবার তিনি এইচ, এস, সি পরীক্ষার্থী। আর জনাব জোবেদ আলী একজন শিক্ষাবিদ, সাংবাদিক এবং লেখক। সাপ্তাহিক চিত্র বাংলা, সচিত্র বাংলাদেশ, বিচিত্রায় তাঁর শিক্ষার ওপর লিখিত প্রবন্ধগুলো যথেষ্ট প্রশংসা কুড়িয়েছে। তিনি একটি সরকারী হাইস্কুলের সহকারী প্রধান শিক্ষকও বটে। তাঁর চিঠির প্রতিবাদ করতে গিয়ে জনাব সাঈদ সাহেব (যিনি তার ছাত্র তুল্য) যে আপত্তিজনক ভাষা ব্যবহার করেছেন তা আমাদের মত ছাত্রদের পীড়া দিয়েছে।

প্রথমতঃ আমরা বলব জনাব জোবেদ আলী সঠিক বলেছেন যে ভূগোলের সিলেবাস পরিব্যাপ্ত। সেগুলো আয়ত্ত করা সাইদ সাহেবের পক্ষে খুব সহজ হলেও আমাদের কাছে সহজ নয়। আমরা ভূগোল পরীক্ষার দশটি প্রশ্ন লিখতে গলদঘর্ম হই। অনেকে সময় অভাবে সবগুলোর জবাবও দিতে পারি না। জনাব সাঈদ সাহেবের নিকট তাঁর চিঠিখানা থাকলে পড়ে দেখুন, তিনি সিলেবাস ও প্রশ্নোত্তর কমাতে বলেননি, বলেছেন, "হয় সিলেবাস কমিয়ে আনা হোক, না হয় প্রশ্ন কমিয়ে দেয়া হোক, না হয় প্রশ্নের ধারা বদলে সংক্ষিপ্ত উত্তর হয় এমন প্রশ্ন দেয়া হোক।" আপনি বরং লিখেছেন, 'প্রথমে সিলেবাস কমিয়ে দেবার এবং পরবর্তীতে সিলেবাস ও প্রশ্নোত্তর কমিয়ে দেবার'---প্রশ্নোত্তর মানে তো 'প্রশ্নের উত্তর'। উনি প্রশ্নের উত্তর কমাবেন কেমন করে? আপনি তো 'প্রশ্নোত্তর' কথার অর্থ বোঝেন না।

এস, এস, সি'র ভূগোল বাধ্যতামূলক আর উচ্চ মাধ্যমিক পর্যায়ে ঐচ্ছিক। কাজেই সেখানে কি থাকবে না থাকবে তা আমাদের প্রয়োজন নেই। কারণ, আমরা বাণিজ্যিক ভূগোল পড়ব না। আমরা জনাব জোবেদ আলীর সুপারিশগুলো পুনরায় বিবেচনার জন্য বোর্ড কর্তৃপক্ষকে অনুরোধ জানাচ্ছি। আর জনাব সাঈদকে বলি "যার কাজ তারই সাজে অন্য লোকের লাঠি বাজে" কথাটি ভুলে যাবেন না। ভূগোল বিষয়টি ১৯৮৫ সালের আগে বাধ্যতামূলক ছিল না। তাতে তখনকার ছাত্রছাত্রীদের কোন ক্ষতি হয়নি।

—মামুন, আসিফ, রায়হান, অনিদ, আকাশ ও মজুর।

গভর্নমেন্ট ল্যাবরেটরী হাই স্কুল, ঢাকা।